বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়
সালনা, গাজীপুর-১৭০৬
ফোন : পিএবিএক্স : ০২-৯২০৫৩১০-১৪, ফ্যাক্স : ৯২০৫৩৩৩, ওয়েব: www.bsmrau.edu.bd

স্মারক নং-বশেমুরকৃবি/প্র:/ই-০৫/২০১৭/৫২৫ তারিখ: ১২/০৩/২০১৯

নিয়োগ বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের রাজস্ব খাতভুক্ত নিম্মোক্ত কর্মকর্তা ও কর্মচারী পদসমূহ পূরণের জন্য প্রাপ্তবয়স্ক প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

নং	পদের নাম ও বেতনক্রম	শাখার নাম ও পদসংখ্যা
১.	নির্বাহী প্রকৌশলী ৳ ৩৫৫০০-৬৭০১০/-	প্রকৌশল শাখা-১
২.	সহকারী প্রকৌশলী (সিভিল) ৳ ২২০০০-৫৩০৬০/-	প্রকৌশল শাখা-১
৩.	সহকারী ফটোগ্রাফার ৳ ১২৫০০-৩০২৩০/-	জনসংযোগ শাখা-১

উপরোল্লিখিত পদসমূহের জন্য আবেদনপত্র জমাদানের শেষ তারিখ: ১৫/০৪/২০১৯ বিকাল ৫ ঘটিকা

ক্রমিক নং ১ ও ২ এ বর্ণিত কর্মকর্তা এবং ক্রমিক নং ৩ এ বর্ণিত কর্মচারী পদে আবেদনের পৃথক নির্ধারিত ফরম (Prescribed Form), নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং অন্যান্য শর্তাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (bsmrau.edu.bd) হইতে ডাউনলোড করা যাইবে।

১২/০৩/২০১৯
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়

সালনা, গাজীপুর-১৭০৬
ফোন : পিএবিএক্স : ০২-৯২০৫৩১০-১৪, ফ্যাক্স : ৯২০৫৩৩৩, ওয়েবঃ www.bsmrau.edu.bd

১২/০৩/২০১৯ তারিখের বশেমুরকৃবি/প্রঃ/ই-০৫/২০১৭/৫২৫ সংখ্যক স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিস্তারিত তথ্য ও শর্তাবলী এবং বর্ণিত পদসমূহে নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:

১. বশেমুরকৃবি ওয়েবসাইটে প্রদত্ত নির্ধারিত ফরমে কর্মকর্তা পদের জন্য ০৬ (ছয়) সেট; এবং কর্মচারী পদের জন্য ১টি আবেদনপত্র রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৬ এর বরাবর A^4 সাইজের কাগজে দাখিল করিতে হইবে।

২. আবেদনপত্রের সহিত- ১) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র; ২) নম্বরপত্র; ৩) প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; ৪) ইউপি চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র; ৫) জাতীয় পরিচয়পত্র; ৬) সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/সরকার অনুমোদিত বা স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র; ৭) অভিজ্ঞতা সংক্রান্ত সকল সনদপত্র (যদি থাকে) তবে, প্রতিটি পদের নিয়োগপত্র ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রদত্ত ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদির সত্যায়িত ফটোকপি ক্রমানুসারে A^4 সাইজের কাগজে সংযোজন করিতে হইবে।

৩. প্রার্থীকে সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি এবং স্ট্যাম্প সাইজের ২(দুই) কপি ছবি সত্যায়িত করতঃ মূল আবেদনপত্রের উপরে (ডানদিকে) সংযুক্ত করিতে হইবে। সকল ছবির পিছনে প্রার্থীর নাম এবং পদের নাম অবশ্যই লিখিতে হইবে।

৪. কর্মকর্তা পদের (ক্রমিক নং-১-২) প্রার্থীকে ১০০০/-(এক হাজার); এবং কর্মচারী পদের (ক্রমিক নং-৩) প্রার্থীকে ৫০০ (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট (অফেরতযোগ্য) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের অনুকূলে, সোনালী ব্যাংক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর শাখার উপর দাখিল করিতে হইবে। ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার ছাড়া কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।

৫. খামের উপর অবশ্যই পদের নাম ও প্রেরকের ঠিকানা উল্লেখ করিতে হইবে। চাকুরীরত প্রার্থীদের-কে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

৬. নির্ধারিত ফরম ব্যতীত এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। নির্ধারিত তারিখ ও সময় (১৫/০৪/২০১৯ বিকাল ৫ ঘটিকা) এর পর হাতে হাতে/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে/অন্য কোন মাধ্যমে আসা আবেদনপত্র গ্রহণ করা হইবে না।

৭. সরকারি নিয়ম অনুযায়ী বিভিন্ন কোটা অনুসরণ করা হইবে। তবে কোটার সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা অনধিক ৩২ বছর (প্রযোজ্য ক্ষেত্রে)।

৮. প্রাপ্ত সকল আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের পরীক্ষা এবং/অথবা সাক্ষাৎকারের জন্য ডাকা হইবে। ইহার জন্য কোন ভ্রমণ বা অবস্থান ভাতা দেওয়া হইবে না। পরীক্ষার তারিখ, সময় ও স্থান সংশ্লিষ্ট প্রার্থীর বর্তমান ঠিকানায় ডাকযোগে অথবা মোবাইল নম্বরে এসএমএস (SMS) মারফত/ই-মেইল ঠিকানায় পত্র মারফত জানানো হইবে।

৯. নিয়োগপ্রাপ্তদের বাসা প্রাপ্তি সাপেক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বসবাস করিতে হইবে।

১০. এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স সিন্ডিকেটের ২৭/১২/২০১৭ তারিখে অনুষ্ঠিত ৮৯তম সভার সিদ্ধান্তমতে শিথিলযোগ্য।

১১. "অভিজ্ঞতা" অর্থ কোন সরকারী বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান অথবা কোন সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীকাল-কে বুঝাইবে।

বিজ্ঞাপিত পদসমূহে নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে)

ক্র. নং	পদের নাম ও বেতনক্রম	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে)
১.	নির্বাহী প্রকৌশলী ৳ ৩৫৫০০-৬৭০১০/-	ক) ইঞ্জিনিয়ারিং-এ ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রি; খ) এসএসসি ও এইচএসসি/সমমানের পরীক্ষার যে কোন ১ টিতে ১ম বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ থাকিতে হইবে। কোন স্বীকৃত বোর্ড/ইনস্টিটিউট হইতে ইঞ্জিনিয়ারিং-এ ১ম বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ-সহ ডিপ্লোমা; গ) কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য নয়; ঘ) কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে। অভিজ্ঞতা : বিশ্ববিদ্যালয়/খ্যাতিমান শিক্ষা প্রতিষ্ঠানে সহকারী প্রকৌশলী/সমমানের পদে ৪ বৎসরের অভিজ্ঞতা অবশ্যই থাকিতে হইবে। ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে ১৫ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে; বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৭ বৎসরের অভিজ্ঞতার প্রয়োজন হইবে।
২.	সহকারী প্রকৌশলী (সিভিল) ৳ ২২০০০-৫৩০৬০/-	ক) ইঞ্জিনিয়ারিং-এ সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণী/সমমানের জিপিএ-সহ স্নাতক ডিগ্রি; খ) অথবা, সংশ্লিষ্ট বিষয়ে কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ১ম বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ-সহ ডিপ্লোমা থাকিতে হইবে এবং উপ-সহকারী প্রকৌশলী হিসাবে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে; গ) এসএসসি ও এইচএসসি/সমমানের পরীক্ষার যে কোন ১ টিতে ১ম বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ থাকিতে হইবে; ঘ) কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য নয়; ঙ) কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে; চ) বয়সসীমা অনধিক ৩০ বৎসর।
৩.	সহকারী ফটোগ্রাফার ৳ ১২৫০০-৩০২৩০/-	ক) ফটোগ্রাফীতে ডিপ্লোমা-সহ স্নাতক ডিগ্রি; খ) ফটোগ্রাফী/ভিডিওগ্রাফী/ডিজিটাল ফটোগ্রাফীতে অন্ততঃ ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা; গ) বয়সসীমা অনধিক ৩০ বৎসর। অথবা ক) ফটোগ্রাফীতে ডিপ্লোমা-সহ এইচএসসি পাশ; খ) ফটোগ্রাফী/ভিডিওগ্রাফী/ডিজিটাল ফটোগ্রাফীতে অন্ততঃ ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; গ) বয়সসীমা অনধিক ৩০ বৎসর।

১২/০৩/২০১৯
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)